# বিরোধী দমন-পীড়নের পুরোনো ধারা ফিরে আসছে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

বর্তমান রাজনৈতিক পরিস্থিতিতে বিরোধী দলের ওপর দমন-পীড়নের পুরোনো কৌশল আবারও দেখা যাচ্ছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

শনিবার (১ আগস্ট) বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) জুলাই অভ্যুত্থানে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের অবদান নিয়ে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, অতীতে ফ্যাসিবাদী সরকার সংখ্যালঘু ইস্যুকে রাজনৈতিকভাবে ব্যবহার করে সমাজে বিভাজন তৈরি করেছিল। কোনো ধর্মীয় বা জাতিগত সম্প্রদায়কে দলীয় বলয়ে টেনে আনা হলে সামাজিক সম্প্রীতি ক্ষতিগ্রস্ত হয়।

LENS ASIA

তিনি বলেন, দেশের কোনো সম্প্রদায় যেন নিজেদের অনিরাপদ মনে না করে, সে পরিবেশ নিশ্চিত করতে রাজনৈতিক দলগুলোকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

এনসিপির আহ্বায়ক হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের ন্যায্য দাবি ও অধিকার বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।